



পশ্চিমবঙ্গ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি
এবং জৈব প্রযুক্তি বিভাগ

- : বিজ্ঞপ্তি : -

গোপালচন্দ্র ভট্টাচার্য স্মৃতি পুরস্কার - ২০১৯

বিজ্ঞান জনপ্রিয়করণ ও পাঠাগার, গবেষণাগার থেকে বিজ্ঞানকে সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানে অগ্রগণ্য ব্যক্তিকে এই পুরস্কার প্রদান করা হবে। যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নিম্নলিখিত তথ্যসহ প্রস্তাব পাঠাতে পারেন : প্রস্তাবকের নাম, ঠিকানা, দূরভাষ সংখ্যা, তথ্য প্রমাণ সহ বিগত কুড়ি বৎসরের কাজের বিবরণ ও প্রস্তাবিত ব্যক্তি পূর্বে কোন পুরস্কার পেয়ে থাকলে তার পূর্ণ বিবরণ।

সত্যেন্দ্র পুরস্কার - ২০১৯

২০১৪ সাল থেকে ২০১৮ সালের মধ্যে প্রথম প্রকাশিত বিজ্ঞান বিষয়ক শ্রেষ্ঠ বাংলা পুস্তকের গ্রন্থকারকে এই পুরস্কার প্রদান করা হবে। যে কোন ব্যক্তি, শিক্ষা প্রতিষ্ঠান, বিজ্ঞান গবেষণাকেন্দ্র বা বিজ্ঞান, প্রযুক্তি ও শিক্ষা সংক্রান্ত বিষয়ে কর্মরত স্বেচ্ছাসেবী সংস্থা নিম্নলিখিত বিবরণসহ প্রস্তাব পাঠাতে পারে : প্রস্তাবকের নাম, ঠিকানা, দূরভাষ সংখ্যা; প্রস্তাবিত পুস্তকের নাম, প্রকাশকের নাম ও ঠিকানা, গ্রন্থকারের নাম, ঠিকানা ও দূরভাষ সংখ্যা; পুস্তকটির প্রথম প্রকাশের তারিখ ও পুস্তকটি পূর্বে অন্য কোন পুরস্কার পেয়ে থাকলে তার বিস্তারিত তথ্য। প্রস্তাবিত পুস্তকের ১০টি কপি প্রস্তাব প্রেরণের সময় জমা দিতে হবে।

মেঘনাদ পুরস্কার - ২০১৯

পশ্চিমবঙ্গে কর্মরত বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণের কাজে সেরা রেজিস্টার্ড স্বেচ্ছাসেবী সংস্থাকে এই পুরস্কার প্রদান করা হবে। যে কোন রেজিস্টার্ড স্বেচ্ছাসেবী সংস্থা নিম্নলিখিত তথ্যসহ আবেদন করতে পারে : সংস্থার নাম, ঠিকানা, দূরভাষ সংখ্যা ও রেজিস্ট্রেশন নং (রেজিস্ট্রেশন সার্টিফিকেটের প্রতিলিপিসহ), কাজের প্রকৃতি ও পরিধি, বিগত তিন বছরের কাজের পূর্ণ বিবরণ (বার্ষিক রিপোর্টসহ), বিগত তিন বছরের অডিট রিপোর্ট (কপি সহ) অর্থ সংস্থানের উৎস, সাংগাঠনিক কাঠামো ও কার্যনির্বাহী কমিটি এবং বিগত তিন বছরের মধ্যে কোন পুরস্কার পেয়ে থাকলে তার পূর্ণ বিবরণ।

সকল মনোনয়ন / আবেদনপত্র জমা দেওয়ার
শেষ তারিখ : ১৯শে ডিসেম্বর, ২০১৯

মনোনয়ন/আবেদনপত্র জমা দেওয়ার এবং বিস্তারিত বিবরণের জন্য যোগাযোগ করুন :

উপসচিব

ডিডি ২৬/বি, বিজ্ঞান চেতনা ভবন, ৩য় তল,
সল্টলেক, কলকাতা - ৭০০ ০৬৪
দূরভাষ : (০৩৩) ২৩৪০-২৭৩৫